দৈনিক ইত্তেফাক

তারিখ 08 MAY 2008
পৃষ্ঠা ১৬ কলাম ২

# জুন মাসের মধ্যে সৃজনশীল প্রশ্ন প
# বাস্তবায়নের কৌশল নির্ধারণের নি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জুন মাসের মধ্যে মাধ্যমিক স্তরের সৃজনশীল প্রশ্ন পদ্ধতির বাস্তবায়ন কৌশল নির্ধারণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক সভায় শিক্ষা উপদেষ্টা এ নির্দেশ দেন। সৃজনশীল প্রশ্ন পদ্ধতি বাস্তবায়নে তিনি সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।

সভায় সৃজনশীল প্রশ্ন পদ্ধতি সম্পর্কিত প্রজ্ঞাপন ও গেজেট সংশ্লিষ্টদের কাছে দ্রুত পৌছানো, এনসিটিবি কর্তৃক সংশোধিত প্রশিক্ষণ ম্যানুয়াল ও শিক্ষক নির্দেশিকা ছাপানো, ৯ম ও ১০ম শ্রেণীর বাংলা ১মপত্র ও ধর্ম শিক্ষকদের প্রশিক্ষণ এবং অধ্যায়ভিত্তিক নমুনা প্রশ্ন জুন মাসের মধ্যে বাজারজাত করণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এছাড়া জনমত সৃষ্টিতে মিডিয়া ক্যাম্পেইন, ২০০৯ সালে পাঠ্যপুস্তকে অধ্যায়ভিত্তিক নমুনা প্রশ্ন সংযোজন, সমতার স্বার্থে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ব্যবস্থায় একই সময়ে এ পদ্ধতি চালুর বিষয়ে একাধিক সভা করে কৌশল নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
জেলা-উপজেলায় শূন্য পদ পূর
পদক্ষেপ গ্রহণ ও এ পদ্ধতির
পর্যবেক্ষণের জন্য উচ্চ ক্ষমতাস